

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৪১৭
শান্তিরবাজার, ০৩ মার্চ, ২০২৬

৫ দিনব্যাপী মহামুনি বৌদ্ধ মেলার উদ্বোধন
রাজ্যের উন্নয়নে জাতি-জনজাতি সহ সকলকে
এগিয়ে আসতে হবে : জনজাতি কল্যাণমন্ত্রী



রাজ্যের উন্নয়নে জাতি-জনজাতি সহ সকলকে এগিয়ে আসতে হবে। সকলে মিলেই রাজ্যের শিক্ষা, সংস্কৃতি, ভাষা, ধর্মীয় ঐতিহ্যের বিকাশ ঘটতে হবে। গতকাল রাতে সারুম মহকুমার মনুবনকুল বুদ্ধ মন্দির প্রাঙ্গণে ৭৯ তম বনকুল মহামুনি বৌদ্ধ মেলার উদ্বোধন করে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা এই কথা বলেন। তিনি বলেন, ভগবান বুদ্ধ অহিংসার পথ দেখিয়েছেন। সেই পথেই ভ্রাতৃত্ব, বন্ধুত্ব এবং একতা রক্ষা করে সবাই মিলে রাজ্যের উন্নয়ন করতে হবে। জনজাতি কল্যাণমন্ত্রী বলেন, বনকুল একটি আদর্শ পর্যটন কেন্দ্র। রাজ্য, বহিঃরাজ্য এবং বিদেশ থেকেও এখানে বহু পর্যটক ও পুণ্যাথীরা আসেন। শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানান জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক মাইলাফু মগ। স্বাগত ভাষণ রাখেন সারুম মহকুমার মহকুমা শাসক সুমন রক্ষিত। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমডিসি কংজং মগ, বৌদ্ধ ধর্মগুরু উমা চেডাদ, বৌদ্ধ ধর্মগুরু ড. পন্যাদীপ এবং অন্যান্য বিশিষ্ট জনেরা। ৫ দিনব্যাপী মেলার সমাপ্ত হবে আগামী ৬ ফেব্রুয়ারি। রাজ্য সরকারের ১০টি দপ্তর মেলায় প্রদর্শনী স্টল খুলেছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর রাজ্য ও বহিঃরাজ্যের শিল্পীদের নিয়ে মেলায় প্রতিদিন সম্ভ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে।
